

প্রথম জ্যালো

কুমিল্লা ভিট্টেরিয়া কলেজ হাজার হাজার শিক্ষার্থীর জন্য বাস মাত্র আটটি!

নিজস্ব প্রতিবেদক, কুমিল্লা *

কুমিল্লা ভিট্টেরিয়া সরকারি কলেজে বর্তমানে শিক্ষার্থীর সংখ্যা ২২ হাজার ৪৬৮। তাঁদের বেশির ভাগই শহরের বাইরে আদর্শ সদর উপজেলা ও অন্যান্য উপজেলার। এই বিপুলসংখ্যক শিক্ষার্থীর পরিবহনের জন্য কলেজের নিজস্ব বাস রয়েছে মাত্র একটি। এর বাইরে সাতটি বাস ভাড়ায় এনে চালানো হচ্ছে। বাসে আসনসংখ্যা মোট ৩৬০। এ অবস্থায় অবিলম্বে আরও বাস বাড়ানোর দাবি জানিয়েছেন ভুক্তভূগী শিক্ষার্থীরা।

১৮৯৯ সালের ২৪ অক্টোবর কুমিল্লা ভিট্টেরিয়া সরকারি কলেজে প্রতিষ্ঠিত হয়। বর্তমানে কলেজে উচ্চমাধ্যমিক, স্নাতক (পাস), স্নাতক (সমান) ও স্নাতকোত্তর পর্যায়ে ২২ হাজার ৪৬৮ জন শিক্ষার্থী রয়েছেন। এর মধ্যে ছাত্র ১১ হাজার ৬২০ ও ছাত্রী ১০ হাজার ৮৪৮। এর মধ্যে মাত্র ১ হাজার ৩৫ জনের (ছাত্র ৬৩৫, ছাত্রী ৪০০ জনের) আবাসনব্যবস্থা রয়েছে। বাকিয়া বাসাবাড়ি অথবা মেসে থাকেন।

এই বিপুলসংখ্যক শিক্ষার্থীর জন্য কলেজের ৪২ আসনের একটি বাস রয়েছে। ১৯৯৩ সালে তৎকালীন প্রধানমন্ত্রী নিজস্ব তহবিল থেকে বাসটি উপহার দেন। বর্তমানে কলেজ কর্তৃপক্ষ সাতটি বাস ভাড়ায় এনে পরিচালনা করছে। প্রতিদিন সকালে বাসগুলো শিক্ষার্থীদের আনার জন্য জেলার বিভিন্ন উপজেলায় যায়। বিকলে আবার শিক্ষার্থীদের নিয়ে ফেরত যায়।

কলেজের অন্তত পাঁচজন শিক্ষার্থী বলেন, যে বাসগুলো তাঁদের পরিবহনে ব্যবহার হচ্ছে, সেগুলো লঙ্ঘনস্বরূপ মার্কী। কোনো রকমে রাস্তায় চলে। শহরের বাইরের মতো ভেতরেও বাস চালু করা দরকার।

কলেজ সূত্র জানায়, ২০১৬-১৭ অর্থবছরে পরিবহন ফি বাবদ শিক্ষার্থীদের কাছ থেকে ৩০০ টাকা করে নেওয়া হয়। এর আগে আরও কয় নেওয়া হতো। সব মিলিয়ে পরিবহন তহবিলে প্রায় ৫৫ লাখ টাকা রয়েছে। কলেজ খেলার দিন ভাড়ায়চালিত প্রতি বাসের পেছনে খরচ হয় ৩ হাজার ২০০ থেকে ৩ হাজার ৪০০ টাকা। এর বাইরে কলেজ বাস ও দুটি মাইক্রোবাসের চালক ও সহকারীর জন্য এ তহবিল থেকে খরচ হয়।

কলেজের অধ্যক্ষ মো. আবদুর রুফিদ বলেন, কলেজে আবাসনসংকট থাকায় বাসের ওপর চাপ বড়ছে। দুর্ভেগ কর্মানোর জন্য শিক্ষার্থীদের টাকায় নতুন বাস কেনার চেষ্টা চলছে। ॥